আল্লাহর পথে কেউ আঘাত প্রাপ্ত হলে কিয়ামতের দিন এমতাবস্থায় আসবে যে, তার ক্ষতস্থান থেকে টকটকে লাল রক্ত ঝরছে: রঙ হবে রক্তের রঙ আর সুগন্ধি হবে কস্তুরীর সুগন্ধি।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফু‘ হিসেবে বর্ণিত, “আল্লাহর পথে কেউ আঘাত প্রাপ্ত হলে কিয়ামতের দিন এমতাবস্থায় আসবে যে, তার ক্ষতস্থান থেকে টকটকে লাল রক্ত
ঝরছে: রঙ হবে রক্তের রঙ আর সুগন্ধি হবে কস্তুরীর সুগন্ধি।”
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর রাস্তায় জিহাদের ফযীলত ও মুজাহিদের উত্তম পাওনা সম্পর্কে বর্ণনা করেন। তা হলো, যে ব্যক্তি আল্লাহর পথে জখম হয়ে শহীদ হয় বা আরোগ্য লাভ করে কিয়ামতের দিন সে সমস্ত সৃষ্টির মধ্যে জিহাদের ঝাণ্ডা ও জিহাদ করতে যে বালামুসিবাতের সম্মুখীন হয়েছিলেন তা নিয়ে ঘাড় উঁচু করে উপস্থিত হবে। সে তার তাজা জখম নিয়ে উপস্থিত হবে, তাতে রক্তের রঙ থাকবে আর তার থেকে কস্তুরির ঘ্রান বের হবে।

http://sunnah.global/hadeeth/bn/show/2991